

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, নভেম্বর ১৯, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/০৭ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫১৭—সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪  
এর ২ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার ডিজেলের মূল্য বৃদ্ধিজনিত কারণে ডিজেল চালিত বাস ও  
মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করল :

- (ক) আস্তগঞ্জেল্লা ও দূরপাল্লার রুটে চলাচলকারী বাস ও মিনিবাস এর ক্ষেত্রে সড়ক  
পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৩ মে ২০১৬ খ্রিঃ তারিখের ৩৫.০০.০০০০.০২০.  
২৬.০০৫.১৬-১৬৩ নং প্রজ্ঞাপনে উল্লিখিত প্রতি যাত্রি প্রতি কিলোমিটার সর্বোচ্চ ভাড়া  
১.৪২ টাকার স্থলে ১.৮০ টাকা;
- (খ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস ও মিনিবাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন  
ও মহাসড়ক বিভাগের ১৬ সেপ্টেম্বর ২০১৫ খ্রিঃ তারিখের ৩৫.০২০.০০৬.০০.০০.  
০১৯.২০১৩-৪১৭ নং প্রজ্ঞাপনে উল্লিখিত প্রতি যাত্রি প্রতি কিলোমিটার ভাড়া  
যথাক্রমে ১.৭০ টাকার স্থলে ২.১৫ টাকা ও ১.৬০ টাকার স্থলে ২.০৫ টাকা। বাস ও  
মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন ভাড়া যথাক্রমে ৭ টাকার স্থলে ১০ টাকা ও ৫ টাকার স্থলে  
৮ টাকা;

(১৬৬০৫)

মূল্য : টাকা ৪.০০

- (গ) ঢাকা ট্রান্সপোর্ট কোঅর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) এর আওতাধীন জেলার (নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে ভাড়া প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ১.৬০ টাকার স্থলে ২.০৫ টাকা;
- (ঘ) প্রস্তুতকারক/বিআরটিএ কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা কমিয়ে আরামদায়ক ভ্রমণের জন্য বাস/মিনিবাসের আসন সংখ্যা পুনর্বিন্যাস করা হলে উপরিউক্ত অনুচ্ছেদ-ক অনুযায়ী আনুপাতিকভাবে ভাড়ার হার নির্ধারিত হবে। সেক্ষেত্রে রুট পারমিট অনুমোদনকারী কর্তৃপক্ষ (বিআরটিএ/যাত্রী ও পণ্য পরিবহন কমিটি) হতে আনুপাতিকভাবে ভাড়ার হার অনুমোদন করিয়ে নিতে হবে।

০২। এ ভাড়া বৃদ্ধি গ্যাস, অকটেন ও পেট্রোলচালিত যানবাহনের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

০৩। ডিজেলচালিত বাস ও মিনিবাসের ভাড়া নির্ধারণ সংক্রান্ত ইতঃপূর্বে জারীকৃত সকল প্রজ্ঞাপন/আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

০৪। জনস্বার্থে জারীকৃত এ ভাড়ার হার ০৮ নভেম্বর ২০২১ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন

সহকারী সচিব।